তারিখ ... 2 0 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৪ ...

দৈনিক
জনকণ্ঠ

# শিক্ষানবিস চিকিৎসকদের ধর্মঘট প্রত্যাহার

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** অনির্দিষ্টকালের জন্য ডাকা ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে বরিশাল শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয়ের (শেবাচিম) ইন্টার্ন চিকিৎসকরা। বৃহস্পতিবার সকাল থেকে তারা যার, যার কর্মস্থলে যোগদান করেছেন। বুধবার মধ্যরাতের ইন্টার্ন চিকিৎসকদের দাবি পূরণের আশ্বাস দেয়ার পর ধর্মঘট প্রত্যাহার করা হয়।

ইন্টার্ন ডক্টরস এ্যাসোসিয়েশনের আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রহমান ভিকি জানান, হাসপাতালের পরিচালক, পুলিশের উর্ধতন কর্মকর্তাদের সাথে ইন্টার্ন চিকিৎসকদের বৈঠকে রোগীর স্বজনের বিরুদ্ধে মামলা ও পুলিশ সদস্য এএসআই মহিউদ্দিনের বিরুদ্ধে লিখিত বরখাস্তের আশ্বাস দেয়ার পর তারা ধর্মঘট প্রত্যাহার করার ঘোষণা দিয়েছেন। তিনি আরও জানান, চিকিৎসকদের ওপর হামলা, পুলিশের হাতে চিকিৎসক লাঞ্ছিতের ঘটনায় বিচার ও দোষী পুলিশ সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, হাসপাতালে চিকিৎসকদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করা, রোগীর স্বজনদের হাতে চিকিৎসকদের লাঞ্ছিত হওয়ার ঘটনার বারবার পুনরাবৃত্তি না ঘটার লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিসহ বেশ কয়েকটি দাবিতে তারা অনির্দিষ্টকালের ধর্মঘটের ঘোষণা দিয়েছিলেন।